# “তারুণ্যের উৎসব-২০২৫” উপলক্ষ্যে বাংলাদেশ কোস্ট গার্ড কর্তৃক বাস্তবায়িত কর্মসূচীর প্রতিবেদন

| তারিখ ও সময় | বেইস/স্টেশন/ আউটপোস্ট | কর্মসূচীর বিবরণ |
|---|---|---|
| ০৫ নভেম্বর ২০২৫ | বিসিজি স্টেশন টেকনাফ | **জলদস্যুতা প্রতিরোধ ও চোরাচালান দমন অভিযান বিষয়ক প্রশিক্ষণ কর্মশালা।** গত ০৫ নভেম্বর ২০২৫ তারিখ ০৯৩০-১২০০ ঘটিকা পর্যন্ত বিসিজি স্টেশন টেকনাফ কর্তৃক “তারুণ্যের উৎসব-২০২৫” এর অংশ হিসেবে নতুন বাংলাদেশ গড়ার লক্ষ্যে **“জলদস্যুতা প্রতিরোধ ও চোরাচালান দমন অভিযান”** এর উপর বিশেষ প্রশিক্ষণ কর্মশালা অনুষ্ঠিত হয়। উক্ত কর্মশালায় স্থানীয় বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের মোট ৩৯ জন ছাত্র ও ০১ জন শিক্ষক, ৩০ জন স্থানীয় তরুণ যুবক, মাদকদ্রব্য অধিদপ্তরের ০৩ জন সদস্য ও ১৫ জন বাংলাদেশ কোস্ট গার্ড সদস্যসহ মোট ৯০ জন অংশগ্রহণ করেন। অনুষ্ঠানে ইন্সপেক্টর কামাল হোসেন (টেকনাফ থানা পুলিশ কর্মকর্তা), সাব-ইন্সপেক্টর নুরুল ইসলাম (নৌ পুলিশ টেকনাফ) এবং জনাব মোঃ সৌরভ (সহকারী পরিচালক মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর) বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। কর্মশালায় উপকূলীয় এলাকায় জলদস্যুতা ও চোরাচালানের বর্তমান চিত্র ও প্রভাব, কোস্ট গার্ডের ভূমিকা ও চলমান অভিযানের সাফল্য, তরুণ সমাজের ভূমিকা ও সামাজিক দায়িত্ব, সন্দেহজনক কার্যক্রম সনাক্তকরণ ও তথ্য প্রদানের প্রক্রিয়া এবং মাদক, অস্ত্র ও মানব পাচারের ঝুঁকি ও প্রতিরোধ কৌশল বিষয়ে প্রশিক্ষণ প্রদান করা হয়। উল্লেখ্য কর্মশালায় অংশগ্রহণকারীরা সচেতনতা বৃদ্ধি ও সামাজিক নিরাপত্তা জোরদারে কোস্ট গার্ডের কার্যক্রমের সাথে একযোগে কাজ করার আগ্রহ প্রকাশ করেন |
| ১১ নভেম্বর ২০২৫ | বিসিজি স্টেশন হারবাড়িয়া | **আসন্ন ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচনকে সামনে রেখে সচেতনতা বিষয়ক আলোচনা।** বিসিজি স্টেশন হারবাড়িয়া কর্তৃক “এসো দেশ বদলাই, পৃথিবী বদলাই” এই স্লোগানকে সামনে রেখে “তারুণ্যের উৎসব-২০২৫” অনুষ্ঠানটি বাগেরহাট জেলার মোংলা থানাধীন চিলা ইউনিয়নের জয়মনি মাধ্যমিক বিদ্যালয় প্রাঙ্গণে সফলভাবে অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে উপস্থিত কন্টিনজেন্ট কমান্ডার হারবারিয়া, নৌ পুলিশ প্রতিনিধি, বন বিভাগ প্রতিনিধি, স্থানীয় ইউপি সদস্য, বিদ্যালয়ের শিক্ষকবৃন্দ ও ছাত্রছাত্রীবৃন্দ। উক্ত “তারুণ্যের উৎসব-২০২৫ অনুষ্ঠানে অংশগ্রহণকারী শিক্ষার্থীদের উদ্দেশ্যে **“আসন্ন ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচনকে সামনে রেখে সচেতনতা বিয়ক”** আলোচনা করা হয় এবং নির্বাচন বিষয়ক বিভিন্ন বিষয়ে দিক নির্দেশনা প্রদান করা হয়। উক্ত অনুষ্ঠানে জয়মনি মাধ্যমিক বিদ্যালয়ের মোট ১০০ জন শিক্ষার্থী অংশগ্রহণ করে |

| তারিখ ও সময় | বেইস/স্টেশন/ আউটপোস্ট | কর্মসূচীর বিবরণ |
|---|---|---|
| ১৬ নভেম্বর ২০২৫ | বিসিজি বেইস চট্টগ্রাম | **নির্বাচন সংশ্লিষ্ট বিষয়ে তারুণ্যের ভূমিকা ও সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে প্রশিক্ষণ কর্মশালা।** গত ১৬ নভেম্বর ২০২৫ তারিখ ১০০০-১২০০ ঘটিকা পর্যন্ত বিসিজি বেইস চট্টগ্রাম মাল্টি-পারপাস হলে "তারুণ্যের উৎসব-২০২৫"এর অংশ হিসেবে নতুন বাংলাদেশ গড়ার লক্ষ্যে **"নির্বাচন সংশ্লিষ্ট বিষয়ে তারুণ্যের ভূমিকা ও সচেতনতা বৃদ্ধি"** এর উদ্দেশ্যে একটি বিশেষ প্রশিক্ষণ কর্মশালা আয়োজন করা হয়। উক্ত কর্মশালায় আইয়ুব বিবি সিটি কর্পোরেশন স্কুল এন্ড কলেজ, চট্টগ্রাম, এর মোট ৬০ জন ছাত্রছাত্রী প্রশিক্ষণার্থী হিসেবে অংশগ্রহণ করেন এবং নির্বাচন কমিশন থেকে একজন প্রতিনিধি প্রশিক্ষক হিসেবে উপস্থিত ছিলেন। কর্মশালায় নির্বাচন ও গণতন্ত্রের মৌলিক ধারণা, তরুণদের দায়িত্ববোধ এবং সক্রিয় নাগরিক হিসেবে তাদের গঠনমূলক অংশগ্রহনের গুরুত্ব তুলে ধরা হয়। পাশাপাশি নির্বাচনী প্রক্রিয়ার স্বচ্ছতা, ভোটাধিকার, নাগরিক কর্তব্য, ভুয়া তথ্য ও গুজব শনাক্তকরণ এবং সামাজিক যোগাযোগমাধ্যমে দায়িত্বশীল আচরণ বিষয়ে প্রয়োজনীয় দিকনির্দেশনা প্রদান করা হয়। সুষ্ঠু ও শান্তিপূর্ণ নির্বাচন পরিবেশ গড়তে তরুণদের ইতিবাচক ভূমিকা, স্বেচ্ছাসেবী কার্যক্রমে অংশগ্রহণ, নির্বাচন পর্যবেক্ষণ এবং কমিউনিটি-ভিত্তিক সচেতনতামূলক প্রচারণার গুরুত্বও কর্মশালায় বিশেষভাবে আলোচনা করা হয়েছে। এর মাধ্যমে তরুণরা অবাধ ও সুষ্ঠু নির্বাচনে সক্রিয় ভূমিকা পালনে উদ্বুদ্ধ হবে মর্মে আশা করা যায় |
| ১৭ নভেম্বর ২০২৫ | কোস্ট গার্ড ঢাকা জোন | **"নির্বাচন ও নাগরিক দায়িত্ব" বিষয়ে সেমিনার আয়োজন**। মাননীয় প্রধান উপদেষ্টার নির্দেশনা মোতাবেক তরুণদেরকে সৎ কাজে উদ্বুদ্ধ করা এবং তাদের মাঝে দেশপ্রেম ও সামাজিক দায়িত্ববোধ জাগ্রত করার লক্ষ্যে 'এসো দেশ বদলাই, পৃথিবী বদলাই' প্রতিপাদ্যে সারাদেশব্যাপী "তারুণ্যের উৎসব-২০২৫" আয়োজন করা হচ্ছে। এরই ধারাবাহিকতায় অদ্য ১৭ নভেম্বর ২০২৫ কোস্ট গার্ড ঢাকা জোনের উদ্যোগে লেঃ কমান্ডার সাব্বির আলম সুজন, (এক্স), বিএন এর তত্ত্বাবধানে মিরপুর থানাধীন মিরপুর বাঙলা কলেজে জাতীয় **"নির্বাচন ও নাগরিক দায়িত্ব"** বিষয়ে একটি সেমিনার আয়োজন করা হয়। উক্ত সেমিনারে ২০০ জন শিক্ষার্থী এবং কলেজের অধ্যক্ষ, উপাধ্যক্ষসহ অন্যন্য ২০ ফ্যাকাল্টির প্রধান অংশগ্রহণ করেন, যেখানে তরুণ ও মেধাবী শিক্ষার্থীদের নির্বাচনী সচেতনতা, নাগরিক দায়িত্ববোধ, দায়িত্বশীলভাবে ভোট প্রদান, গুজব ও বিভ্রান্তি এড়িয়ে চলা এবং শান্তিপূর্ণ নির্বাচনী অংশগ্রহণের বিষয়ে দিকনির্দেশনা প্রদান করা হয়। সেমিনারে অংশগ্রহণকারী সকলের মধ্যে স্বতঃস্ফূর্ত উপস্থিতি ও আগ্রহ পরিলক্ষিত হয় |

| তারিখ ও সময় | বেইস/স্টেশন/ আউটপোস্ট | কর্মসূচীর বিবরণ |
|---|---|---|
| ২৫ নভেম্বর ২০২৫ | বিসিজি স্টেশন টেকনাফ | **অবৈধ অনুপ্রবেশ প্রতিরোধে তরুণ ও যুব সমাজের অবদান শীর্ষক প্রশিক্ষণ কর্মশালা**। বিসিজি স্টেশন টেকনাফ কর্তৃক গত ২৫ নভেম্বর ২০২৫ তারিখ ০৯৩০ ১২০০ ঘটিকা পর্যন্ত "তারুণ্যের উৎসব-২০২৫" এর অংশ হিসেবে নতুন বাংলাদেশ গড়ার লক্ষ্যে **"অবৈধ অনুপ্রবেশ প্রতিরোধে তরুণ ও যুব সমাজের অবদান"** শীর্ষক বিশেষ প্রশিক্ষণ কর্মশালা অনুষ্ঠিত হয়। উক্ত কর্মশালায় স্থানীয় শিক্ষা প্রতিষ্ঠানের ১০ জন ছাত্র ও ০১ জন শিক্ষক, ৬০ জন স্থানীয় তরুণ যুবক, বাংলাদেশ পুলিশ টেকনাফ থানার ০১ জন সদস্য, ০২ জন বিজিবি সদস্য, ০১ জন নৌপুলিশ সদস্য এবং ১৫ জন কোস্ট গার্ড সদস্যসহ মোট ৯০ জন অংশগ্রহণ করেন। কর্মশালায় ইন্সপেক্টর কামাল হোসেন (টেকনাফ থানা), সাব-ইন্সপেক্টর আতিক (নৌ পুলিশ টেকনাফ) এবং নায়েব সুবেদার মোঃ হুমায়ুন (বিজিবি প্রতিনিধি) উপস্থিত ছিলেন। কর্মশালায় অবৈধ অনুপ্রবেশের কুফল, অর্থনৈতিক ও সামাজিক নিরাপত্তাজনিত সমস্যা, মাদক সমস্যা ও জাতীয় নিরাপত্তার উপর এর প্রভাব, বর্তমান পরিস্থিতি, কোস্ট গার্ডের ভূমিকা ও চলমান অভিযানের সাফল্য, তরুণ সমাজের সামাজিক দায়িত্ব, সন্দেহজনক কার্যক্রম সনাক্তকরণ এবং তথ্য প্রদানের প্রক্রিয়া সম্পর্কে বিস্তারিত কৌশল ও প্রশিক্ষণ প্রদান করা হয়। উল্লেখ্য, কর্মশালায় অংশগ্রহণকারীরা সচেতনতা বৃদ্ধি ও সামাজিক নিরাপত্তা জোরদারে কোস্ট গার্ডের কার্যক্রমের সাথে একযোগে কাজ করার দৃঢ় প্রত্যয় ব্যক্ত করেন |












চিত্রঃ গত ০৫ নভেম্বর ২০২৫ “জলদস্যুতা প্রতিরোধ ও চোরাচালান দমন” কর্মশালা আয়োজনের স্থিরচিত্র।







চিত্রঃ গত ১১ নভেম্বর ২০২৫ আসন্ন ত্রায়োদশ জাতীয় সংসদ নির্বাচনকে সামনে রেখে সচেতনতা বিষয়ক আলোচনার স্থির চিত্র।




চিত্রঃ গত ১৬ নভেম্বর ২০২৫ নির্বাচন সংশ্লিষ্ট বিষয়ে তারুণ্যের ভূমিকা ও সচেতনতা বিষয়ক প্রশিক্ষণ কর্মশালার স্থির চিত্র।










চিত্রঃ গত ১৭ নভেম্বর ২০২৫ কোস্ট গার্ড ঢাকা জোন কর্তৃক “নির্বাচন ও নাগরিক দায়িত্ব” বিষয়ে সেমিনার আয়োজন বিষয়ক কর্মশালার স্থির চিত্র।












চিত্রঃ গত ২৫ নভেম্বর ২০২৫ অবৈধ অনুপ্রবেশ প্রতিরোধে তরুণ ও যুব সমাজের অবদান শীর্ষক প্রশিক্ষণ কর্মশালার স্থির চিত্র।